# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor : Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXVIII | YEAR OF OUR LORD JESUS CHRIST, 2026 APRIL | No 03


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীতসংহিতা ১৪৮:৭-১৪

৭। পৃথিবী থেকে সদাপ্রভুর প্রশংসা হোক, হে বিশাল সব সামুদ্রিক জীব এবং অতল মহাসাগর,

৮। বিদ্যুৎ ও শিলাবৃষ্টি, তুষার ও মেঘরাশি, বায়ু ও আবহাওয়া, যারা তাঁকে মান্য করে,

৯। পর্বত ও সকল পাহাড়, ফলের গাছ আর সকল দেবদারু গাছ,

১০। বন্যপশু আর গবাদি পশু, ক্ষুদ্র প্রাণী এবং উড়ন্ত পাখি,

১১। পৃথিবীর রাজাগণ আর সকল জাতি, অধিপতিগণ আর পৃথিবীর সকল শাসক,

১২। যুবকগণ আর যুবতী সকল, প্রবীণ লোকসকল আর সব ছেলেমেয়েরা।

১৩। তারা সকলেই সদাপ্রভুর নামের প্রশংসা করুক কারণ শুধু তাঁর নামই মহিমান্বিত; তাঁর প্রতিপত্তি পৃথিবী ও আকাশমণ্ডলের ঊর্ধ্বে।

১৪। তিনি তাঁর প্রজাদের শক্তিশালী করেছেন, তাঁর বিশ্বস্ত লোকেদের সম্মান প্রদান করেছেন, সকল ইস্রায়েল, যারা তাঁর হৃদয়ের খুব কাছের। সদাপ্রভুর প্রশংসা করো।

## ঈশ্বর নীরবতার মাধ্যমে আপনার জন্য কাজ করছেন !

(অবৈতনিক প্রধান সম্পাদিকা: রেভা.অ্যাঞ্জেলীন সেলভাকুমারী)

**GOD IS WORKING FOR YOU THROUGH HIS SILENCE!**



আমাদের পুনরুত্থিত প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের নামে আমাদের বৃহত্তর **তাঁর আহ্বানের প্রতিধ্বনি** পরিবারের প্রতি শুভেচ্ছা জানাই! প্রভু আমাকে কী বলছেন এবং আমার নিজের জীবনে তিনি কী কাজ করছেন সেই বিষয় সহভাগিতা আমাকে সর্বদা আনন্দ দেয়। আমি আশা এবং প্রার্থনা করি যে আপনি যে পরিস্থিতির মধ্যেই থাকুন না কেন— আমি যা লিখেছি তা আপনাকে উৎসাহিত করবে এবং বিশ্বাসে সামনে এগিয়ে যেতে সাহায্য করবে— কারণ তিনি আমার জন্য যা করতে পারেন তা নিশ্চিতভাবে আপনার জন্যেও করবেন। এই কথা বলে, আসুন আমরা পরস্পরকে উৎসাহিত করি এবং বিজয়ের পথে একসাথে অগ্রসর হই!

**তিনি উত্থিত হয়েছেন!!**

কি শক্তিশালী ঘোষণা! এটি আমাদের খ্রীষ্টিয় বিশ্বাসের ভিত্তি। আমরা যখন পুনরুত্থিত খ্রীষ্টের

(ক্রমশঃ, ৩পাতায়)




তাঁর আহ্বানের প্রতিধ্বনি

**ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল !**

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী!!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

আহ্বানের প্রতিধ্বনি – (Marching towards 60th year)
Estd. 1969

## from your dearly beloved brother...





**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

HON. EDITOR-IN-CHIEF
Rev. Dr. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.
EX MANAGING EDITOR
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.
GENERAL MANAGER
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM, MBA.
ADMINISTRATION
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech, M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)
EDITORIAL BOARD
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Rev. Dr. K.R. Rajasekaran
Rev. Dr. William Robert, Ph.D., DD, D.Lit.

EDITOR, PUBLISHER & PRINTER
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858
95661 31858
E.MAIL
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in
WEBSITES
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.org
YOUTUBE CHANNEL
Echo of His Call

**“ ... তাহাতে ইস্রায়েলের কষ্টে তাঁহার প্রাণ দুঃখিত হইল” (বিচারকর্তৃগণ ১০:১৬)।**

প্রিয় বন্ধুগণ,

আমাদের প্রভু মঙ্গলময় এবং তিনি চিরকাল বাস করেন। আপনার মাধ্যমে নতুন কাজ করার উদ্দেশ্যসহ, তিনি আপনাকে তাঁর পথে পরিচালিত করেন। আপনি যখন আপনার জীবনের পথে হোঁচট খান, তিনি আপনাকে তুলে ধরার জন্য এবং আপনাকে প্রতিষ্ঠিত করার জন্য তাঁর বাহু প্রসারিত করেন। তিনি যখন আপনার যন্ত্রণাপূর্ণ অভিজ্ঞতাগুলি স্মরণ করেন, তখন আপনার প্রতি তাঁর হৃদয় করুণায় আন্দোলিত হয়। সেই কারণে, সাহসী হন - আপনার উদ্ধারের দিনগুলি অতি সন্নিকট।

*পরে ইস্রায়েল- সন্তানগণ সদাপ্রভুর দৃষ্টিতে যাহা মন্দ, তাহাই পুনর্ব্বার করিল, এবং বাল দেবগণের, অষ্টারোৎ দেবীদের, অরামের দেবগণের, সীদোনের দেবগণের, মোয়াবের দেবগণের, অম্মোন-সন্তানদের দেবগণের ও পলেষ্টীয়দের দেবগণের সেবা করিতে লাগিল; তাহারা সদাপ্রভুকে ত্যাগ করিল, তাঁহার সেবা করিল না।*

- বিচারকর্তৃগণ ১০: ৬

যেহেতু ইস্রায়েলীয়রা ঈশ্বরের কাছ থেকে দূরে চলে গিয়েছিল এবং বিদেশী দেবদেবীদের সেবা করেছিল, সদাপ্রভু তাদের কাছ থেকে দূরে চলে গিয়েছিলেন। এর পরিণতিস্বরূপ, তারা তাদের শত্রুদের দ্বারা ভীষণভাবে অত্যাচারিত হয়েছিল। কিন্তু তারা যখন তাদের পাপ স্বীকার করেছিল এবং সমস্ত অন্তকরণে তাঁর কাছে ফিরে এসেছিল, ঈশ্বর তাদের প্রতি করুণাবিষ্ট হয়েছিলেন এবং তাদের উদ্ধার করেছিলেন। জাতি আবার বিজয় এবং শান্তি উপভোগ করেছিল।

*আর অম্মোন-সন্তানগণ যিহূদার ও বিন্যামীনের এবং ইফ্রয়িম কুলের সহিত যুদ্ধ করিতে যর্দ্দন পার হইয়া আসিত; এইরূপে ইস্রায়েল অতিশয় কষ্ট পাইতে লাগিল। পরে ইস্রায়েল-সন্তানগণ সদাপ্রভুর কাছে ক্রন্দন করিয়া কহিল, আমরা তোমার বিরুদ্ধে পাপ করিয়াছি, কেননা আমরা আপনাদের ঈশ্বরকে ত্যাগ এবং বাল দেবগণের সেবা করিয়াছি।*

- বিচারকর্তৃগণ ১০:৯-১০

ইস্রায়েলীয়দের ক্রন্দন শুনে সদাপ্রভু তাদের প্রতি করুণাবিষ্ট হলেন এবং তাদেরকে তাদের অত্যাচারীদের হাত থেকে উদ্ধার করলেন।

*পরে তাহারা আপনাদের মধ্য হইতে বিজাতীয় দেবগণকে দূর করিয়া সদাপ্রভুর সেবা করিল; তাহাতে ইস্রায়েলের কষ্টে তাঁহার প্রাণ দুঃখিত হইল।*

- বিচারকর্তৃগণ ১০:১৬

আপনি একা আপনার কষ্ট সহ্য করছেন না; আপনি যে যন্ত্রণা অনুভব করেন তা ঈশ্বরও সহভাগিতা করেন। কেউ আপনার সংগ্রামের গভীরতা সম্পূর্ণরূপে নাও বুঝতে পারে, কিন্তু ঈশ্বর সম্পূর্ণরূপে বুঝতে পারেন। হতাশ হবেন না। বলবান এবং সাহসী হন। ঈশ্বর আপনার জন্য অস্বাভাবিক অলৌকিক কাজ করবেন।

Our Ministries: ▢ ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ▢ BIBLECOR - Postal Courses (3 languages) ▢ YouTube Ministry ▢ Online Courses ▢ Theological Correspondence Courses (2 languages) ▢ Church Planting ▢ Nehemiah Bible Colleges ▢ Gospel Printing Press ▢ Great Commission Partners ▢ St. Paul's Matriculation School ▢ Crusades ▢ Community Development

ঈশ্বরের অনুগ্রহে নহিমিয় বাইবেল কলেজের পরিচর্যাগুলি খুব ভালোভাবে কাজ করে চলেছে, এবং তাঁর অব্যর্থ বিশ্বস্ততা এবং পরিচালনার জন্য আমরা কৃতজ্ঞ।



*বরিষ্ঠ পালক শ্রীকুমারের সঙ্গে নহিমিয় বাইবেল কলেজের শিক্ষার্থীগণ*

আমরা আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে আমাদের কলেজ এখন ন্যাসনস অ্যাসোসিয়েশন ফর থিওলজিকাল অ্যাক্রিডিটেশন (NATA) থেকে স্বীকৃতি লাভ করেছে। এটি তাৎপর্যপূর্ণ কৃতিত্ব আমাদের শিক্ষাগত মানদণ্ডকে শক্তিশালী করে সামনে এগিয়ে যাওয়ার পথে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপকে চিহ্নিত করে।

অতিরিক্তভাবে, বর্তমান শিক্ষাবর্ষ থেকে আমরা ব্যাচেলর অফ থিওলজি প্রোগ্রাম শুরু করেছি। এই নতুন পাঠক্রমটি শিক্ষার্থীদের আরও কার্যকরভাবে সঠিক বাইবেলীয় জ্ঞান, গভীর ধর্মতাত্ত্বিক উপলব্ধি এবং ব্যবহারিক পরিচর্যা প্রশিক্ষণে সজ্জিত করার জন্য পরিকল্পনা করা হয়েছে।



মহাবলীপুরমে আমাদের নহিমিয় বাইবেল কলেজের শিক্ষার্থীদের একটি বিশেষ রিট্রিট

গত ২৪শে জানুয়ারী, আমরা মহাবলীপুরমে একটি বিশেষ শিক্ষার্থীদের রিট্রিট আয়োজন করেছিলাম। এই আধ্যাত্মিকভাবে সমৃদ্ধ সমাবেশে, স্যামুয়েল অ্যারন 'খ্রীষ্টের সাথে ঘনিষ্ঠতা" বিষয়ের ওপর ঈশ্বরের বাক্য প্রচার করেছিলেন। সেশনগুলো অত্যন্ত গঠনমূলক ছিল এবং আমাদের শিক্ষার্থীরা অর্থপূর্ণ সহভাগিতা, উন্নত উপাসনা এবং যীশু খ্রীষ্টকে কেন্দ্র করে সমৃদ্ধ শিক্ষার মাধ্যমে শক্তিশালী ও উৎসাহিত হয়েছে।

আমরা নম্রভাবে বাইবেল কলেজের পরিচর্যা বা কাজের জন্য আপনাদের নিরন্তর প্রার্থনা কামনা করছি। অনুগ্রহ করে আমাদের প্রার্থনায় স্মরণ করবেন, যাতে প্রভু আগামী শিক্ষাবর্ষকে প্রচুর সংখ্যক নতুন শিক্ষার্থীর মাধ্যমে আশীর্বাদ করেন এবং তাঁর মহিমার জন্য এই প্রতিষ্ঠানটিকে ব্যবহার করে চলেন।

যীশু খ্রীষ্টে আপনাদের দাস,

পাস্টর এস. স্যাম সেলভা রাজ
E.mail : sam@echoofhiscall.org

## বিজ্ঞপ্তি

আপনার মোবাইল ফোনে আমাদের প্রধান ফোন নম্বরগুলি সেভ করে রাখুন।

(+91) 98410 71858,
(+91) 98412 71858

— সম্পাদক

(ক্রমশঃ, ১ পাতার পর)

শক্তির ওপর ধ্যান করছি, তখন আপনার পড়ার মধ্যে তিনি আপনার পরিস্থিতির সঙ্গে কথা বলুন।

পুণ্য শুক্রবার এবং ইস্টারের কাহিনী হাজার হাজার বছর আকে ভবিষ্যদ্বাণী করা হয়েছিল— প্রকৃতপক্ষে, জগৎ সৃষ্টির আগে থেকেই। এটি মানব ইতিহাসের সর্বশ্রেষ্ঠ ঘটনা হিসেবে রয়ে গেছে। ঐতিহাসিক, বৈজ্ঞানিক এবং আধ্যাত্মিক দিক থেকে এটি বিশ্বজুড়ে মানুষের হৃদয়কে বিমোহিত করে চলেছে।

পুনরুত্থানের বর্ণনাটি সাধারণত তিনটি দিনের মধ্যে আবর্তিত হয়: গুড ফ্রাইডে, নিস্তব্ধ শনিবার এবং পুনরুত্থানের রবিবার।

আমরা গুড ফ্রাইডে সম্পর্কে অনেক কথা বলি এবং পুনরুত্থান রবিবারে আনন্দ করি। কিন্তু নিস্তব্ধ শনিবারের সম্পর্কে কথা বলি না। এই নিস্তব্ধ শনিবার

## অত্যন্ত জরুরী বিজ্ঞপ্তি




অদূর ভবিষ্যতে **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ডাক মারফৎ প্রেরণের বিষয় অবশ্যম্ভাবী বাধার সম্মুখীন হতে পারে। আপনি যদি বাধাহীনভাবে নিয়মিত পত্রিকাটি পেতে চান, তাহলে এখনই পত্র, ইমেল, ফোন কল, অথবা এসএমএস/ হোয়াটস্ অ্যাপ বার্তার মাধ্যমে আপনার নাম, ঠিকানা, ইমেল, হোয়াটস্ অ্যাপ নম্বর পাঠিয়ে দিন।

আপনার সহায়তা আরও উত্তমরূপে পরিষেবা দিতে আমাদের সাহায্য করবে!

**Our address:**

**ECHO OF HIS CALL,**
**10, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005, India**
**Cell: (+91) 98412 71858 / 98410 71858 E.mail: sam@echoofhiscall.org**

কী? আমি একে "নিস্তব্ধ" বলি কারণ পবিত্র শাস্ত্র এই দিনটি সম্পর্কে খুব কম তথ্য দেয়। কোনো নাটকীয় ঘটনার বিবরণ রেকর্ড করা নেই। এটি শান্ত। এটি স্থির। কোনো দৃশ্যমান কর্মকাণ্ড নেই।

অনেকে কল্পনা করেন যে যীশু সেদিনও ক্রুশে ঝুলে ছিলেন — যা শিষ্যদের জন্য এই বিষয়গুলোর এক যন্ত্রণাদায়ক স্মারক ছিল:

ভঙ্গ হওয়া প্রতিশ্রুতির বেদনা

শাস্তি ও অপমানের স্থান

ব্যর্থতা ও পরাজয়ের ছবি

ফিরে আসার আর কোনো পথ না থাকার এক চরম মুহূর্ত

গুড ফ্রাইডে আমাদের ভেঙে দেয়। পুনরুত্থান রবিবার আমাদের উজ্জীবিত করে। কিন্তু নিস্তব্ধ শনিবার আমাদের গঠন করে।

এটি হচ্ছে এমন একটি দিন যখন মনে হয় কিছুই ঘটছে না - তথাপি সবকিছুই ঘটছে। এটি হচ্ছে এমন একটি দিন যখন ঈশ্বর কোন কথা বলেন না- তথাপি তাঁর পরিকল্পনা প্রকাশিত হচ্ছে। এটি হচ্ছে এমন একটি দিন যখন পৃথিবী স্তব্ধতা দেখে - কিন্তু স্বর্গ দেখে প্রবল কর্মচাঞ্চল্য।

## ১। শনিবার হলো সেই দিন যা আমরা বুঝি না

যদিও যীশু স্পষ্টভাবে বলেছিলেন, **"তিন দিন পরে আমি আবার বেঁচে উঠব"** (মার্ক ৮:৩১)। তবুও শুক্রবারের সেই ভয়াবহ স্মৃতি ও আঘাত সেই প্রতিশ্রুতিকে ম্লান করে দিয়েছিল।
শনিবার হলো সেই দিন যখন:

- ঈশ্বরকে লুকানো অথবা অনুপস্থিত মনে হয়
- প্রার্থনাগুলো উত্তরহীন বলে মনে হয়
- বিশ্বাস খুব ভঙ্গুর বা দুর্বল অনুভূত হয়

শিষ্যরা বিধ্বস্ত হয়ে পড়েছিল। যীশু মারা গিয়েছিলেন। তাঁদের স্বপ্ন, আশা এবং বিশ্বাস চুরমার হয়ে গিয়েছিল - যেন যীশুর সাথেই সব সমাহিত হয়েছে। যদি তাঁদের গুরুর এই পরিণতি হয়, তবে তাদের ভাগ্যে কী ঘটবে? সেই শনিবারের সকালটি ছিল বেদনা, শোক, ভয় এবং বিভ্রান্তিতে ভরা। ভেঙে পড়া এবং আতঙ্কিত অবস্থায় তাঁরা রুদ্ধ দ্বারের আড়ালে লুকিয়ে ছিলেন।

আমাদের মধ্যে অনেকেই আজ নিজেদের জীবনের "শনিবার"-এর মধ্যে দিয়ে চলছি- নিজেদের পৃথিবী থেকে গুটিয়ে নিচ্ছি।

এই বার্তাটি আপনার জন্য!

যীশু তাঁদের সেই বদ্ধ ঘরে প্রবেশ করেছিলেন এবং একটি শব্দ উচ্চারণ করেছিলেন: "শান্তি।" আমি প্রার্থনা করি,আপনার জীবনের এই নিস্তব্ধ শনিবারের ওপর এটিই হোক ঈশ্বরের ভবিষ্যৎ বাণী — শান্তি।

**"... শিষ্যগণ যেখানে ছিলেন, সেই স্থানের দ্বার সকল যিহূদিগণের ভয়ে রুদ্ধ ছিল; এমন সময় যীশু আসিয়া তাঁহাদিগকে কহিলেন, তোমাদের শান্তি হউক"** (যোহন ২০:১৯)।



যীশু আসিয়া তাঁহাদিগকে কহিলেন, তোমাদের শান্তি হউক"

যোষেফ ঈশ্বরের কাছ থেকে স্বপ্ন পেয়েছিলেন, কিন্তু বাস্তব জীবনে নিজেকে আবিষ্কার করেছিলেন অন্ধকূপে এবং পরে কারাগারে। কোনো কণ্ঠস্বর নেই। কোনো ব্যাখ্যা নেই। কোনো স্বচ্ছতা নেই। কিন্তু ঈশ্বর পর্দার আড়ালে কাজ করছিলেন যাতে যোষেফকে তাঁর মহৎ উদ্দেশ্যের জন্য সঠিক অবস্থানে নিয়ে আসা যায়।



ঈশ্বরের নীরবতার পর অলৌকিক ঘটনা ঘটেছিল

যখন ইস্রায়েলীয়রা লোহিত সাগরের সামনে দাঁড়িয়েছিল — পিছনে ফরৌণ এবং দুই পাশে পাহাড়, ভয় এবং সন্দেহ তাদের গ্রাস করেছিল। ঈশ্বরকে নীরব মনে হচ্ছিল। অথচ সেই নীরবতার মধ্যেই তিনি একটি অলৌকিক কাজের প্রস্তুতি নিচ্ছিলেন (যাত্রাপুস্তক ১৪:১৩-১৪)। শনিবার আমাদের মনে করিয়ে দেয় যে, ঈশ্বরের নীরবতা মানেই আমাদের পরিত্যাগ করা নয়।

## ২। ঈশ্বর অন্ধকারের মধ্যেই তাঁর গভীরতম কাজ করেন!

ঈশ্বর প্রায়ই সবচেয়ে পরাক্রমী কাজগুলি করেন যখন আমরা কিছুই দেখতে পাই না।



ঈশ্বরের সৃষ্টি

**"আদিতে ঈশ্বর আকাশমণ্ডল ও পৃথিবীর সৃষ্টি করিলেন। পৃথিবী ঘোর ও শূন্য ছিল, আর ঈশ্বরের আত্মা জলের উপরে অবস্থিতি করিতেছিলেন"** (আদি ১:১-২)।

অন্ধকার সবকিছু ঢেকে রেখেছিল, কিন্তু ঈশ্বরের আত্মা তখনও সেখানে ছিলেন। তিনি কাজ করছিলেন - যদিও তা দেখা যাচ্ছিল না।

যখন আপনার প্রার্থনা অনুত্তরহীন মনে হয়...

যখন আপনার সফলতা বা মুক্তি আসতে বিলম্ব হয়...

যখন আপনার হৃদয় অপেক্ষায় থাকে...

ঈশ্বর তখনও পর্দার আড়ালে কাজ করে চলেছেন।

যখন শিষ্যেরা 'নীরব শনিবারে' শোক করছিলেন, যীশু তখন নিষ্ক্রিয় ছিলেন না। পবিত্র শাস্ত্র প্রকাশ করে যে তিনি:

**পৃথিবীর নিম্নতর স্থানে অবতীর্ণ হয়েছিলেন** (ইফিষীয় ৪:৯)

(ক্রমশঃ, ৬ পাতায়)

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

প্রার্থনার অনুরোধসমূহ (১৯শে এপ্রিল থেকে ১৮ই মে, ২০২৬ পর্যন্ত)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)



(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

### প্রশংসার বিষয়সমূহ

**এপ্রিল ১৯ :** আমাদের বরিষ্ঠ পালক এস. স্যাম সেলভা রাজের ৫ মিনিটের ইউটিউব বার্তার মাধ্যমে সহভাগিতা করা সাক্ষ্যগুলোর জন্য।

**দিন ২০:** আমাদের সকল সহযোগী সম্পাদক এবং তাদের পরিবারের সদস্যদের জন্য।

**দিন ২১:** আমাদের প্রার্থনা সহযোগী, গ্রাহক সহযোগী, বিশ্বাসী সহযোগী, জীবনব্যাপী সহযোগী, মহান আদেশ সহযোগী, অনুরোধকারী সহযোগী এবং তাঁদের পরিবারের ওপর ঈশ্বরের দয়ার জন্য।

**দিন ২২:** আমাদের সমস্ত চার্চ, সাণ্ডে স্কুল, যুব পরিচর্যা এবং হাসপাতাল পরিচর্যার ওপর ঈশ্বরের আশীর্ব্বাদের জন্য।

**দিন ২৩:** আমাদের বাইবেলকোর এবং  আমাদের ধর্মতাত্ত্বিক পত্রালাপ পাঠক্রমের ওপর ঈশ্বরের নিরন্তর আশীর্ব্বাদের  জন্য।

**দিন ২৪:** আমাদের সংস্থায় নিবেদিতপ্রাণ এবং যোগ্য নতুন প্রার্থ নিয়োগ সক্ষম করার জন্য ঈশ্বরের নির্দেশনার জন্য প্রার্থনা।

**দিন ২৫:** আমাদের সমস্ত রাজ্য সমন্বয়কারী এবং তাঁদের পরিবারের ওপর ঈশ্বরের আশীর্ব্বাদের জন্য।

**দিন ২৬:** আমাদের মিশন কর্মীদের অটল অঙ্গীকার বা নিষ্ঠার জন্য।

**দিন ২৭:** আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব চ্যানেলের ওপর ঈশ্বরের আশীর্ব্বাদের  জন্য, যাতে এটি বহুভাষী মানুষের কাছে পৌঁছাতে পারে।

**দিন ২৮:** ২০২৫-২৬ অর্থবছরের জন্য ঈশ্বরের আশীর্ব্বাদের জন্য প্রার্থনা।

**দিন ২৯:** যুবসমাজের ওপর ঈশ্বরের আশীর্ব্বাদের জন্য, যাতে তারা চার্চের সমস্ত কার্যকলাপে উৎসাহের সাথে অংশগ্রহণ করতে অনুপ্রাণিত হয়।

**দিন ৩০:** সেণ্ট পলস ম্যাট্রিকুলেশন স্কুলের শিক্ষার্থীদের ওপর ঈশ্বরের আশীর্ব্বাদের জন্য, যাতে তারা সফলভাবে তাদের দশম শ্রেণির পরীক্ষা সম্পন্ন করতে পারে।

**মে ০১:** আমাদের বরিষ্ঠ পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের ওপর সমস্ত অশুভ শক্তির প্রভাব থেকে ঈশ্বরের সুরক্ষার জন্য।

**দিন ০২:** আমাদের প্রতিষ্ঠানের সকল কর্মী এবং তাঁদের পরিবারের ওপর ঈশ্বরের আশীর্ব্বাদ ও সুরক্ষার জন্য।

**দিন ০৩:** গত ১০ই এপ্রিল,২০২৬, আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের বর্ষপূর্তি উদযাপন অনুষ্ঠানটির ওপর ঈশ্বরের আশীর্ব্বাদের জন্য।

### প্রার্থনার অনুরোধসমূহ

**মে ০৪:** আমাদের সকল সহযোগী সম্পাদক এবং তাঁদের পরিবারের জন্য।

**দিন৫:** আমাদের প্রতিষ্ঠানের সকল কর্মীদের মধ্যে ঐক্য এবং একতা বজায় থাকার জন্য।

**দিন ৬:** ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের জন্য আমাদের নহিমিয় বাইবেল কলেজের (আবাসিক এবং সান্ধ্যকালীন পাঠক্রম) যোগ্য ছাত্র-ছাত্রীদের ভর্তির জন্য।

**দিন ৭:** ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের জন্য সেণ্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে নতুন ছাত্র-ছাত্রীদের ভর্তির জন্য।

**দিন ৮:** আমাদের সমস্ত পরিচর্যা বা সেবামূলক কাজের আর্থিক প্রয়োজন মেটানোর জন্য।

**দিন ৯:** আমাদের গসপেল প্রিন্টিং প্রেস এবং এর দৈনন্দিন কার্যক্রমের ওপর ঈশ্বরের আশীর্ব্বাদের জন্য।

**দিন ১০:** সমস্ত মণ্ডলী যেন নতুন বিশ্বাসী অর্জন করতে পারে এবং প্রকৃত আধ্যাত্মিক জাগরণ অনুভব করতে পারে।

**দিন ১১:** ৪ঠা জুলাই, ২০২৬-এ হতে যাওয়া আমাদের নহিমিয় বাইবেল কলেজের সমাবর্তন অনুষ্ঠানের জন্য।

**দিন ১২:** আমাদের  বরিষ্ঠ পালক এস.স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারকে সকল প্রকার অশুভ শক্তির হাত থেকে রক্ষা করার জন্য।

**দিন ১৩:** বিভিন্ন মিশনারী এবং সেবামূলক প্রতিষ্ঠানের ওপর ঘটে চলা সমস্ত নৃশংসতা বন্ধ  হওয়ার জন্য।

**দিন ১৪:** বিশ্বব্যাপী বিরাজমান চরম প্রতিকূল আবহাওয়ার মধ্যে ঈশ্বরের ঐশ্বরিক সুরক্ষার জন্য।

**দিন ১৫:** এই নতুন অর্থবছর জুড়ে ঈশ্বরের ঐশ্বরিক নির্দেশনার জন্য।

**দিন ১৬:** ঈশ্বর যেন জাতিসমূহকে এমন নেতা উপহার দেন যারা তাঁকে ভয় করেন এবং সম্মান করেন।

**দিন ১৭:** উত্তর ভারতে আমাদের মিশনারী, ঈশ্বরের সেবক এবং তাঁদের পরিবারের সুস্বাস্থ্যের জন্য।

**দিন১৮:** তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব চ্যানেলের নতুন সাবস্ক্রাইবারদের জন্য।

(ক্রমশঃ ৪ পৃষ্ঠার পর থেকে)

**কর্তৃত্ব ও ক্ষমতাগুলোকে নিরস্ত্র করেছিলেন** (কলসীয় ২:১৫)

**মৃত্যু ও পাতালের চাবিকাঠি নিয়েছিলেন** (প্রকাশিত বাক্য ১:১৮)

পৃথিবী নীরবতা দেখেছিল।

স্বর্গ দেখেছিল বিজয়!

আপনার মনে হতে পারে ঈশ্বর নীরব কিন্তু নিশ্চিত থাকুন, তিনি আপনার অন্ধকারের 'শনিবারগুলোতে' আপনার বিজয়ী 'রবিবারের' প্রস্তুতি নিচ্ছেন। আমার প্রিয় ভাই ও বোনেরা, হতাশ হবেন না; নীরবতা এবং অন্ধকার মানে এই নয় যে ঈশ্বর কিছুই করছেন না।

যোনা মাছের পেটে তিনটি অন্ধকার দিন কাটিয়েছিলেন। সেগুলো শাস্তির মতো মনে হয়েছিল, কিন্তু আসলে সেগুলো ছিল প্রস্তুতি — ঈশ্বর তাঁর হৃদয়কে একটি বৃহত্তর মিশনের জন্য নতুন রূপ দিচ্ছিলেন।

দানিয়েল সিংহের গুহায় একটি নীরব রাত কাটিয়েছিলেন। কিন্তু ঈশ্বর তখন সিংহের মুখ বন্ধ করতে ব্যস্ত ছিলেন (দানিয়েল ৬:২২)। ঈশ্বর আপনার বিরুদ্ধে ওঠা প্রতিটি মুখ, প্রতিটি পরিকল্পনা, প্রতিটি লক্ষ্যভেদী তীর বন্ধ করে দিচ্ছেন। তিনি অন্ধকারেই কাজ করছেন।



সিংহের গুহায় দানিয়েল একটি নীরব রাত কাটিয়েছিলেন

**৩। শনিবার আমাদের প্রমাণ ছাড়াই বিশ্বাস করতে শেখায়।**

রবিবারের বিশ্বাস হলো উদযাপন।

শনিবারের বিশ্বাস হলো আত্মসমর্পণ।

শনিবারের বিশ্বাস বলে:

"আমি এটি দেখতে পাচ্ছি না, কিন্তু ঈশ্বর বিশ্বস্ত।"

"আমি এখনও এটি অনুভব করছি না, কিন্তু তাঁর প্রতিশ্রুতি অটল।"

"আমি এখনও এটি বুঝতে পারছি না, কিন্তু তিনি এখনও মঙ্গলময়।"

অব্রাহাম ইস্হাকের জন্য অপেক্ষা করছিলেন। ঈশ্বর একটি পুত্রের প্রতিশ্রুতি দিয়েছিলেন, কিন্তু কয়েক বছর কেটে গেল। রোমীয় ৪:২০ পদে বলা হয়েছে, "তথাপি ঈশ্বরের প্রতিজ্ঞার প্রতি লক্ষ্য করিয়া অবিশ্বাস বশতঃ সন্দেহ করিলেন না..."। শনিবারের সময়গুলো অটল বিশ্বাস গড়ে তোলে। আপনি কি মনে করেন যে অব্রাহামের ক্ষেত্রে এমন অবিচল বিশ্বাস রাখা সহজ ছিল? জৈবিকভাবে এটি অসম্ভব ছিল। মানুষ হয়তো জিজ্ঞেস করত, "আপনি কি সত্যিই জানেন এটি ঈশ্বরের প্রতিশ্রুতি ছিল, নাকি আপনার হৃদয়ের ইচ্ছা?" প্রতিদিন তিনি যখন সারাকে দেখতেন, তাঁর হৃদয় হয়তো ভেঙে পড়ত, তবুও তিনি সেই প্রতিশ্রুতি আঁকড়ে ধরে ছিলেন।

আপনি যা দেখছেন তা দিয়ে আপনার বিশ্বাসকে বিচলিত হতে দেবেন না। আপনি হয়তো শারীরিকভাবে জরাজীর্ণ সারাকে দেখবেন — কিন্তু তাকে আধ্যাত্মিক দৃষ্টিতে দেখুন। যিনি প্রতিশ্রুতি দিয়েছেন, তিনি প্রতিশ্রুতি রক্ষাকারী। শুধুমাত্র সেই কারণেই অব্রাহামের 'শনিবার' এমন এক অলৌকিক ঘটনায় শেষ হয়েছিল যা বিশ্বের ইতিহাসকে বদলে দিয়েছিল।

প্রিয় বন্ধুরা, আপনাদের প্রমাণের প্রয়োজন নেই। তাঁর ওপর আস্থা রাখুন। তাঁকে আঁকড়ে ধরুন — তিনি আপনার 'শনিবার' একটি অলৌকিক ঘটনার মাধ্যমে শেষ করবেন। আপনার শনিবারগুলো আপনাকে বিশ্বাসের শিকড় মজবুত করতে সাহায্য করবে।

(ক্রমশঃ ৯ পৃষ্ঠায়)

নহিমিয় বাইবেল কলেজসমূহ

শিক্ষাগত যোগ্যতা: ১০ম শ্রেণী এবং তদূর্দ্ধ

চীপক্ এবং সন্তোষপুরম্, ভেলাচেরী চেন্নাই

ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন! মাধ্যম: তামিল (আংশিক সময়),হিন্দি: (আবাসিক) (সন্তোষপুরমে সুপ্রাপ্য),

ঈশতত্ত্বে ডিপ্লোমা & Bachelor of Theology

আন্তর্জাতিক খ্রীষ্টান নেতৃবৃন্দ এবং সিনিয়র পাস্টরদের দ্বারা 56 বছর যাবৎ স্বীকৃত

নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুব:

The Chaiman: Nehemiah Bible College, Echo of his Call.

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.

Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## MAIN CHURCH PROGRAMMES

| | |
|---|---|
| 1. Prayer Service | : 24 hours |
| 2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikaans. | |
| 3. **BIBLECOR** - Basic Bible Courses (English, Tamil & Hindi) | |
| 4. Theological Correspondence Courses: English & Tamil | |
| 5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery) | |
| 6. Branch Churches: Santhoshapuram, Balaji Nagar & Velachery | |
| 7. Great Commission Partners (Network of Pastors) | |
| 8. Training Programmes – Seminars & Retreats | |
| 9. Crusades | |
| 10. Literature Distribution and Follow Up | |
| 11. Gospel Printing Press | - Publications |
| 12. St. Paul's Matriculation School - Village English High School | |
| 13. Sunday Schools (Chepauk) | : 10.30 a.m. Sunday & |
| (Velachery, Balaji Nagar & Santhoshapuram) | 3.00 p.m. Sunday |
| **14. Early Morning Service** | **: 5.30 a.m. Sunday** |
| **15. Preliminary Service** | **: 8.00 a.m. Sunday** |
| **16. Tamil Service** | **: 8.30 a.m. Sunday** |
| **17. Youth Meeting** | **: 11.00 a.m. Sunday** |
| **18. Fellowship Lunch** | **: 1.00 p.m. Sunday** |
| **19. Telugu Service** | **: 4.00 p.m. Sunday** |
| **20. Hindi Service** | **: 5.00 p.m. Sunday** |
| **21. Tamil & English Service** | **: 6.00 p.m. Sunday** |
| 22. Feedback Time | : 7.30 p.m. Sunday |
| 23. Women's Prayer | : 5.30 p.m. Wednesday |
| 24. Hindi Prayer | : 7.00 p.m. Wednesday |
| 25. Men's Prayer | : 7.30 p.m. Friday |
| 26. Discipleship Meeting | : 6.00 p.m. Saturday |
| 27. House Meetings | : 6.30 p.m. Tuesday & Thursday |
| 28. Special Holy Communion | : 6.00 a.m. 1st day of each month |
| 29. Ministers' Meeting | : 5.30 p.m. First Saturday |
| 30. Parents' Prayer | : 4.00 p.m. First Sunday |
| 31. Night Prayer | : 9.30 p.m. Third Friday |
| 32. Fasting Prayer | : 9:30 a.m. Second Saturday |
| 33. Holy Communion | : Second Sunday Service |
| 34. Youth / Kid Prayer | : 10.00 p.m. daily (over phone) |
| 35. Staff Devotion | : 9.00 a.m. daily |
| 36. Office | : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays) |

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কেনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্বতাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেন্স কোর্স নামে অভিহিত অ্যাডভান্স্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**

Echo of His Call, **Post Box 2957**
CHEPAUK, CHENNAI - 600 005.
**Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,**
**Cell : 98410 71852, 95661 31858**
**E.mail : biblecor@yahoo.co.in**

বিনামূল্যে মাসিক পত্রিকা

## আহ্বানের প্রতিধ্বনি

লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | **: ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | **: 1023 2923 805** |
| **Bank Name** | **: STATE BANK OF INDIA** |
| **Branch** | **: TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | **: SBIN 0000249** |
| **SWIFT Code** | **: SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## ঈশ্বর চান তাঁর আহ্বানের প্রতি আপনি বিশ্বস্ত হন !

**"ঈশ্বর বিশ্বাস্য, যাঁহার দ্বারা তোমরা তাঁহার পুত্র আমাদের প্রভু যীশু খ্রীষ্টের সহভাগিতার নিমিত্ত আহূত হইয়াছ" (১ করিন্থীয় ১:৯)।**



১৯৬৯ সালে, যখন আমি প্রভু যীশু খ্রীষ্টকে আমার ব্যক্তিগত ত্রাণকর্তা হিসেবে গ্রহণ করি,তখন আমি 'দ্য হেরাল্ড অফ হিজ কামিং'-এর সম্পাদক পাস্টর এস. সেবাদাসনের পরিচর্যা কাজে যোগ দিই। তিনি আমাকে প্রভুর সেবা করার জন্য আত্মিক প্রশিক্ষণ দিয়েছিলেন এবং আমি তিন বছর তাঁর অধীনে পরিচর্যা করেছি।

এক রাতে, যখন আমরা দীর্ঘ সময় ধরে একসাথে প্রার্থনা করছিলাম, তিনি হঠাৎ ভবিষ্যতের পৃথিবী কেমন হবে এবং প্রভু আমাকে নিয়ে কী করাতে চান সে সম্পর্কে কথা বলতে শুরু করেন। তিনি মহান এবং বিস্ময়কর সব বিষয় নিয়ে কথা বলেছিলেন- যা সেই সময় আমি কল্পনাও করতে পারিনি। পাস্টর আমার ভবিষ্যতে যে মহান পরিচর্যাগুলো করার ভবিষ্যদ্বাণী করেছিলেন, তা সম্পন্ন করার মতো শিক্ষাগত যোগ্যতা, অর্থ বা জনবল কোনটিই আমার ছিল না।

আমি তাঁর কাছে আমার সীমাবদ্ধতাগুলো ব্যাখ্যা করলাম এবং বললাম, "পাস্টর, আমি যদি প্রভুর দাসদের মধ্যে ক্ষুদ্রতম হয়েও থাকতে পারি, তবে সেটুকুই যথেষ্ট।"

তিনি উত্তর দিলেন, "একজন সাধারণ মানুষকে সর্বোচ্চ উচ্চতায় নিয়ে যাওয়ার জন্য দুটি জিনিস প্রয়োজন:

**(ক) বিশ্বাস এবং**

**(খ) একটি সৎ সংবেদ**



যেমন ১ তিমথিয় ১:১৯ পদে লেখা আছে। যদি আপনি আপনার নিজের চোখের মতো এই দুটি বিষয়কে যত্নসহকারে রক্ষা করেন, তবে আমি এইমাত্র যে সকল আধ্যাত্মিক উন্নতির কথা উল্লেখ করেছি, তা আপনি অবশ্যই লাভ করবেন।"

প্রভুর সাহায্যে, আমি এই দীর্ঘ বছরগুলোতে এই দুটি গুণকে রক্ষা করার আপ্রাণ চেষ্টা করেছি।

এই নিবন্ধটি লিখতে শুরু করার ঠিক আগেই প্রভু আমার সাথে কথা বলেছেন। তাঁর মৃদু কণ্ঠস্বর শুনে আমি নির্বাক এবং মনোযোগী হয়ে উঠেছিলাম। তিনি বললেন:

" হে আমার প্রিয় পুত্র, তুমি যে ভবনে দাঁড়িয়ে আছো সেটি নিয়ে একটু থামো এবং চিন্তা করো। তুমি এটি কীভাবে পেয়েছ? এখানে যে পরিচর্যাগুলি চলছে তা বিবেচনা করে দেখো। নিচতলায় অত্যাধুনিক প্রযুক্তিসম্পন্ন গসপেল প্রিন্টিং প্রেসটির দিকে তাকাও। তুমি কি দোতলায় অবস্থিত সেই গির্জাটির কথা ভেবে দেখেছ যেখানে ২৪ ঘণ্টা প্রার্থনা করা হচ্ছে? তুমি কি নহিমিয় বাইবেল কলেজের পরিচর্যা এবং সেখানে অধ্যয়নরত মেয়েদের কাজের কথা বিবেচনা করেছ? তুমি কি তিনতলায় অবস্থিত **তাঁর আহ্বানের প্রতিধ্বনির** প্রশাসনিক কার্যালয় নিয়ে চিন্তা করেছ?"

তোমাদের স্বাভাবিক ক্ষমতার বাইরের কাজগুলো সম্পন্ন করতে সাহায্য করার জন্য, আমি তোমাদের অনেক হারোণ এবং যিহোশূয় দিয়েছি — এমন সব মানুষ যারা তোমাদের চেয়ে বেশি দক্ষ এবং অভিজ্ঞ — যাতে তারা সব পরিস্থিতিতে তোমাদের সহায়তা করতে পারে। এমনকি যখন তোমরা এই আশীর্বাদগুলোর কথা ভুলে যাও, তখনও আমি তোমাদের মনে রাখি। যখন আমি তোমাদের প্রথম ডেকেছিলাম, তখন তোমরা কী ছিলে? আর এখন তোমরা কী হয়েছ? আমি তোমাদের কাজের পরিধি আরও বাড়িয়ে দেব। আমার সেবক পাস্টর এস. দেবাদাসন তোমাদের যেমন শিখিয়েছেন, বিশ্বাসে অটল থাকো এবং বিবেক পরিষ্কার রাখো। যখন তোমরা অমসৃণ এবং কঠিন পথে চলবে, তখন নিরুৎসাহিত হয়ো না। আমি কি তোমাদের ডাকিনি? আমি মুখে যা বলেছি, তা আমি নিজের হাতেই পূর্ণ করব। শক্তিশালী হও এবং ক্লান্ত হয়ে পড়ো না।"

মাঝে মাঝে প্রভু আমার মাধ্যমে যে সব চমৎকার ও শক্তিশালী কাজগুলো করেন, সেগুলো পুরোপুরি উপলব্ধি করা আমার পক্ষে অসম্ভব হয়ে পড়ে।



প্রিয় ভাই ও বোনেরা, ঈশ্বর তোমাদের ওপর যাদের নেতা হিসেবে নিযুক্ত করেছেন, তাদের বাধ্য থাকো। জাগতিক নিয়মে চলো না। ধার্মিক নেতৃত্বের অধীনে নম্র থাকো এবং তোমাদের বিশ্বাস ও বিবেককে রক্ষা করো। তোমরা যদি ঈশ্বরের সামনে সত্যের ওপর অটল থাকো, তবে তিনি তোমাদের মাধ্যমে মহান সব কাজ করাবেন। ঈশ্বরকে তোমাদের ব্যবহার করা থেকে কোনো কিছুই বাধা দিতে পারবে না।

সমস্ত মহিমা এবং সম্মান কেবল তাঁরই হোক।

*************

....Contd. from page 6

## ৪। শনিবার আমাদের পুনরুত্থানের জন্য প্রস্তুত করে!

আমরা অনেকে যা প্রায়ই ভুলে যাই তা হলো, শনিবার হলো সেই মহৎ অলৌকিক ঘটনার প্রস্তুতির দিন যা রবিবার উন্মোচিত হতে যাচ্ছে। যদি রবিবার খুব দ্রুত চলে আসত, তবে অপেক্ষার ফলে যে রূপান্তর ঘটে তা আমরা মিস করতাম। শনিবার আমাদের কেবল গঠনই করে না; এটি আমাদের উদ্দেশ্যগুলোকে পরিশুদ্ধ করে।

১ শমূয়েল ১৬ অনুযায়ী, দাউদ সতেরো বছর বয়সে রাজা হওয়ার জন্য অভিষিক্ত হয়েছিলেন, কিন্তু ২ শমূয়েল ৫:৪ পদের নথি অনুযায়ী তিনি কেবল ত্রিশ বছর বয়সে রাজা হয়েছিলেন: **"দাউদ ত্রিশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করেন, এবং চল্লিশ বৎসর রাজত্ব করেন।"**

সেগুলো ছিল দীর্ঘ, ধৈর্যশীলতার সাথে অতিবাহিত বছর - প্রস্তুতির সেই বছরগুলোই তাকে ইস্রায়েলের সর্বশ্রেষ্ঠ রাজায় পরিণত করেছিল। রাজা দাউদের কৃতিত্বগুলো ছিল অসাধারণ; অন্য কোনো রাজা তাঁর মতো কাজ করতে পারেননি। অপেক্ষার সেই কালটি তাঁকে নম্রতা শিখিয়েছিল - যারা তাঁর বিরুদ্ধে ষড়যন্ত্র করেছিল তাদের ক্ষমা করতে শিখিয়েছিল। এটি তাঁকে সাহস শিখিয়েছিল - অটল সাহসিকতার সাথে তাঁর জীবনের প্রতিকূলতা-গুলোর মুখোমুখি হতে শিখিয়েছিল। এটি তাঁর চরিত্রকে গঠন করেছিল — তাকে এটি শিখিয়েছিল যে, অন্য সব কিছুর উর্ধ্বে পবিত্র আত্মার উপস্থিতিতেই ছিল তাঁর সর্বশ্রেষ্ঠ সম্পদ।

**"তোমার সম্মুখ হইতে আমাকে দূর করিও না"** (গীত ৫১:১১)

**"কেননা তোমার প্রাঙ্গণে এক দিনও সহস্র দিন অপেক্ষা উত্তম; বরং আমার ঈশ্বরের গৃহের গোবরাটে দাঁড়াইয়া থাকা আমার বাঞ্ছনীয়, তবু দুষ্টতার তাম্বুতে বাস করা বাঞ্ছনীয় নয়"** (গীত ৮৪:১০)।

আপনি কি আজ কোনো কিছুর জন্য অপেক্ষা করছেন? তবে জেনে রাখুন: ঈশ্বর আপনাকে আরও বড় কিছুর জন্য প্রস্তুত করছেন।

শক্তিশালী হোন। সাহস রাখুন। ধৈর্য ধরুন!

## ৫। আপনার 'শনিবার' চিরকাল থাকবে না!

যেহেতু ঈশ্বর একটি পুনরুত্থিত, শক্তিশালী 'রবিবার'-এর নিশ্চয়তা দিয়েছেন, তাই আপনার অন্ধকার 'শনিবারগুলো' চিরকাল স্থায়ী হবে না।

শনিবারের নীরবতা সাময়িক।
শনিবারের দুঃখ সাময়িক।
শনিবারের বিভ্রান্তি সাময়িক।



**তোমরা এই মন্দির ভাঙ্গিয়া ফেল,আমি তিন দিনের মধ্যে ইহা উঠাইব**

যীশু খ্রীষ্ট ইতিমধ্যেই ঘোষণা করেছিলেন: **"...তোমরা এই মন্দির ভাঙ্গিয়া ফেল, আমি তিন দিনের মধ্যে ইহা উঠাইব"** ( যোহন ২:১৯)।

আপনার পথ আগলে রাখা সেই ভারী পাথরটি সরে যাবে। আপনার অন্ধকারাচ্ছন্ন 'শনিবারগুলোর' বুক চিরে আলো আসবে। প্রতিশ্রুতির পুনরুত্থান ঘটবে এবং আপনি কবর থেকে বেরিয়ে আসবেন। যদি একটি 'শনিবার' (অন্ধকার সময়) থাকে,তবে অবশ্যই একটি 'রবিবার' (নতুন সকাল) আসবে।

আমার লাসারের কথা মনে পড়ছে। সে চারদিন ধরে কবরে শুয়ে ছিল — নীরবতা, অপেক্ষা এবং চরম হতাশায় ভরা দীর্ঘ চারটি দিন। মনে হয়েছিল সব শেষ হয়ে গেছে। কিন্তু যখন যীশু খ্রীষ্ট সেখানে পদার্পণ করলেন, সবকিছু বদলে গেল।

**...যীশু তাঁহাকে কহিলেন, "আমি কি তোমাকে বলি নাই যে,যদি বিশ্বাস কর,তবে ঈশ্বরের মহিমা দেখিতে পাইবে?"** (যোহন ১১:৪০)।

প্রিয় বন্ধুরা, আমি নিজেও এমন অনেক অন্ধকার 'শনিবার'-এর মধ্যে দিয়ে হেঁটেছি। আমি জানি আমি কী বলছি। আমি জানি সেই সময়গুলো কত ভয়াবহ এবং হৃদয়বিদারক হতে পারে। সেই দিনগুলোতে আমি প্রায় আশাই ছেড়ে দিয়েছিলাম—যতক্ষণ না যীশু খ্রীষ্ট পদার্পণ করে আমার "পূর্ণচ্ছেদকে" একটি "কমাতে" পরিণত করলেন। তিনি যদি আমার জন্য এটা করতে পারেন,তবে তিনি আপনার জন্যও তা করতে পারেন। আপনার লজ্জা, পরাজয় এবং দুঃখের জীবনের অবসান শীঘ্রই ঘটবে। আপনার 'শনিবার' আপনার গল্পের শেষ নয়।

যীশু খ্রীষ্ট আমাদের জীবনে উদ্দেশ্য এবং অর্থ দিতে এই পৃথিবীতে এসেছিলেন। তিনি কখনোই চাননি যে আমরা পাপে বা পরাজয়ে বাস করি। তিনি আমাদের পরিবর্তে ক্রুশে এসে মৃত্যুবরণ করেছেন যাতে আমরা এক বিজয়ী জীবন যাপন করতে পারি। আমরা আর কিছুরই দাস নই—আমরা বিজয়ী।

যদি আপনি নিজেকে একটি 'শনিবারের' সময়ে খুঁজে পান- অপেক্ষা, বিস্ময় এবং যন্ত্রণার মধ্যে - তবে সাহস রাখুন। যে ঈশ্বর শনিবারের নীরবতাকে রবিবারের বিজয়ে পরিণত করেছিলেন, সেই একই ঈশ্বর বর্তমানে আপনার জীবনে কাজ করছেন।

শনিবারের নীরবতা রবিবারের বিজয়ের মতোই শক্তিশালী। ঈশ্বরে বিশ্বাস রাখুন এবং তাঁর প্রতিশ্রুতির ওপর অটল থাকুন। আপনার 'রবিবার' (সুসময়) আসছে — তবে আপনার 'নীরব শনিবার' (কষ্টের সময়গুলোকে) অবমূল্যায়ন করবেন না। যীশু খ্রীষ্টের ওপর আস্থা রাখুন। তিনিই একমাত্র আপনার নীরব শনিবারগুলোকে বিজয়ী রবিবারে পরিণত করতে পারেন। তিনি আসন্ন রাজা!

- *ঈশ্বর নীরব থাকতে পারেন, কিন্তু তিনি কখনোই স্থির থাকেন না।*
- *তিনি হয়তো নিজেকে লুকিয়ে রাখেন, কিন্তু তিনি কখনোই অনুপস্থিত থাকেন না।*
- *তিনি হয়তো শান্ত থাকতে পারেন, কিন্তু তিনি সর্বদা বিশ্বাসযোগ্য।*

*************


**অনুগ্রহ করে মনোযোগ দিন**

আগামী ৪ঠা জুলাই, ২০২৬, (শনিবার) চেন্নাইয়ের বালার কালভি নিলায়মে আমাদের নহিমিয় বাইবেল কলেজের গ্রাজুয়েশন উপাসনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে আপনাদের যোগদান একান্ত কামনা করি।

**Special Guest:**
**REV. DR. S.J. KINGSLEY,**
**(COO, JESUS CALLS)**

আমাদের একান্ত অনুরোধ পরবর্তী ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে সমর্পিত শিক্ষার্থীদের আমাদের কলেজে পাঠান, যা আগামী ১লা জুন, ২০২৬-এ শুরু হবে। — প্রিন্সিপাল

Posted at "Egmore RMS Patrika Channel" RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## OUR BANK DETAILS:

### 1. Bank : State Bank of India

| | |
|---|---|
| Branch | : **Triplicane, Chennai-5** |
| Name | : **S. Sam Selva Raj** |
| A/C No. | : **1023 2934 679** |
| IFSC | : **SBIN 00 00 249** |
| SWIFT CODE | : **SBI NIN BB 455** |

### 2. Bank : ICICI Bank

| | |
|---|---|
| Branch | : **Anna Salai, Chennai-6** |
| Name | : **Echo of His Call** |
| A/C No. | : **6038 0502 2319** |
| IFSC | : **ICIC 000 6038** |

### 3. Bank : State Bank of India

**(This Account is for Tax Exemption for Indians only )**

| | |
|---|---|
| Branch | : **Triplicane, Chennai-5** |
| Name | : **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : **1023 2923 805** |
| IFSC | : **SBIN 00 00 249** |

## OUR QR CODE:

ECHO OF HIS CALL

Scan to pay with any UPI app

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি,
মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস,
ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA.
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.org

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/24-26
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS Patrika Channel"
on 15th APRIL 2026
If un-delivered please return to:
**ECHO OF HIS CALL (BENGALI)**
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

*JESUS LOVES YOU!*

To

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**